26

দৈনিক সংবাদ

তারিখ 06 JUL 1997
পৃষ্ঠা ৯ কলাম ৩

# তারা এমন শিক্ষানীতি চান—

(নিজস্ব বার্তা পরিবেশক)

সেন্টার ফর পলিসি স্টাডিজ নামক একটি সংগঠন দেশে এমন এক শিক্ষানীতি দাবি করেছে যেখানে ধর্মনিরপেক্ষতা, বাঙালি জাতীয়তাবাদ ও সমাজতন্ত্র থাকবে না। বাংলা ভাষার পর দ্বিতীয় ভাষা হিসেবে থাকবে আরবি ভাষার প্রচলন, মাদ্রাসা শিক্ষা পাবে অধিক গুরুত্ব স্থাপন, সামরিক শিক্ষা বাধ্যতামূলক থাকবে, ক্যাম্পাসে ছাত্রদের দলীয় তৎপরতা নিষিদ্ধ করতে হবে।

গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে এই সংগঠনটি শিক্ষানীতি প্রণয়নে তাদের বিকল্প প্রস্তাব তুলে ধরে। সাংবাদিক সম্মেলনে তারা জাতীয় শিক্ষানীতি প্রণয়নে সরকারের কাছে বিকল্প প্রস্তাবে দেশে রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন হিসেবে ক্যাম্পাসে ছাত্রদের দলীয় তৎপরতা নিষিদ্ধ করার সুপারিশ করেছে। সংগঠনটি বাংলাদেশ শিক্ষা কমিশন রিপোর্ট ১৯৭৪ (কুদরাত-এ-খুদা কমিশন রিপোর্ট) থেকে সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালি জাতীয়তাবাদ প্রতিষ্ঠার অঙ্গীকার বাদ দিয়ে ইসলামী মূল্যবোধ ও বাংলাদেশী জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করতে বলেছে। সেই সাথে তারা মাদ্রাসা শিক্ষার প্রতি অধিক গুরুত্ব স্থাপন, শিক্ষায় দ্বিতীয় ভাষা হিসেবে আরবি এবং তৃতীয় ভাষা ইংরেজি করার সুপারিশ করেছে।

গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে সংগঠনটি এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে তাদের এই প্রস্তাবগুলো উপস্থাপন করে সাংবাদিক সম্মেলনে তাদের প্রস্তাব ও সুপারিশমালা পাঠ করেন ডঃ এম এ বারী উপস্থিত ছিলেন, আবদুল কাদের মোল্লা, আবদুস শহীদ নাসিম, আমিনুর রহমান মজুমদার, এম এ সালেহ, ফেরদৌস আরা খান, চৌধুরী মাহমুদ হাসান প্রমুখ।